## ডা. মোঃ নাজমুল হোসাইন এর জীবন বৃত্তান্তঃ

জনাব ডা. মোঃ নাজমুল হোসাইন ১৯৮২ সালের ২২ অক্টোবর নাটোর জেলার লালপুর উপজেলার মোহরকয়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা মোঃ আলাউদ্দিন সরকার, দাদা ময়েন উদ্দিন সরকারের ৮ সন্তানের সর্বকনিষ্ঠ সন্তান ছিলেন। তিনি পেশায় একজন ব্যাবসায়ী ছিলেন, পাশাপাশি কৃষি কাজ করতেন। তার মাতা মোছাঃ নাজমা খাতুন একজন গৃহীনি। ডা. মোঃ নাজমুল হোসাইন ১৯৯৮ সালে বিলমাড়ীয়া উচ্চ বিদ্যালয় হতে এসএসসি এবং ২০০০ সালে কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজ, নাটোর থেকে এইচএসসি পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। তিনি ২০০১-২০০২ শিক্ষাবর্ষে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন এবং ২০০৬ সালে কৃতিত্বের সাথে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন ডিগ্রি অর্জন করেন। এর পর ইন্টর্নশীপ শেষে তিনি বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানে অত্যন্ত সুনামের সাথে ২০১৪ সাল পর্যন্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। ২০২৪ সালের ৭ আগষ্ট ৩৩তম বিসিএস এর মাধ্যমে তিনি প্রাণিসম্পদ অধিদপ্তরে ভেটেরিনারি সার্জন হিসেবে যোগদান করেন। ২০২১ সালের জুন মাস থেকে অদ্যবদি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন।